



ক্ষমতায় এলে তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নের প্রতিশ্রুতি ইশরাকের



সংগৃহীত ছবি

বিএনপি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হতে পারলে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফার রূপরেখা অনুযায়ী বাংলাদেশ পুনর্গঠিত হবে বলে জানিয়েছেন দলটির ঢাকা-প্রার্থী ইশরাক হোসেন।

আজ শুক্রবার (১৪ নভেম্বর) বিকেলে রাজধানীর গোপীবাগে ব্রাদার্স ইউনিয়ন ক্লাব মাঠে অনুষ্ঠিত নির্বাচনী গণমিছিলে তিনি এ প্রতিশ্রুতি দেন।

ইশরাক বলেন, বিএনপি ক্ষমতায় গেলে দেশকে নতুন রাজনৈতিক কাঠামো ও গণতান্ত্রিক মানদণ্ডে পুনর্গঠনের কাজ শুরু হবে। ৩১ দফা বাস্তবায়নের পাশাপাশি চাঁদাবাজি, সন্ত্রাস এবং দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হবে।

তিনি আরও বলেন, “স্বৈরশাসনের সময় যারা মানুষ হত্যা ও দমন-পীড়ন চালিয়েছে, তাদের বিচার দেখতে পারলে আমার রাজনৈতিক জীবন সার্থক হবে।”

বিভিন্ন রাজনৈতিক শক্তিকে ষড়যন্ত্রের পথ পরিহার করে নির্বাচনের মাঠে প্রতিদ্বন্দ্বিতায় নামারও আহ্বান জানান তিনি।